১। গুরু তুমি আমার তরে কত সুখের বিধান ক'রে

পুরাও বাসনা।

হয়ে মায়ায় বদ্ধ, অজ্ঞান অন্ধ, ভ্রান্ত মন তাই বুঝল না ।।

২। দয়ার কথা ভুলে গিয়ে, তোমারই দোষ বেড়ায় গেয়ে

এ পাপ রসনা।

এমন অকৃতি অধম এ পাতকী জনে, এত দয়া সাজে না ।।

৩। শ্রীচরণে অবিরত, অপরাধ করেছি কত

নাই তার সীমানা।

তবু নিজ গুণে দীনে, কর চিরদিনে, শ্রীচরণে মার্জ্জনা ।।

৪। রসিক বলে মধুসূদন, তুমি বিনে দীনের বেদন

অন্যে বোঝে না।

আমায় কর তোমার মনের মত, পুরাও মনের বাসনা ।।

---রসিক বালা

৭৫ নং

তাল--একতালা

গুরু সেবায় লাগল নারে, দেহ মন প্রাণ।

আমি না জানিলাম দিতে তাঁরে, দান করে চাই প্রতিদান ।।

১। এ দেহ নৈবদ্য ক'রে গুরু সেবায় দিবার তরে,

কর্‌লেম না প্রদান।

শেষে কাম-কুকুর এসে উচ্ছিষ্ট করিল সেবন ।।

২। ভক্তি-চন্দন মন তুলসী, এসে কামনা-পিশাচী,

লয়েছে তার ঘ্রাণ।

আমার প্রাণ উৎসর্গে মায়া খড়্গে, আগে পড়ল বলিদান ।।